

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-১ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৯৯.০২৮.০১.০১.০০১.২০০৮-২০৬


তারিখঃ ০৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
১৮ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সার্কেল অফিসার (উন্নয়ন), তেজগাঁও, ঢাকা অফিসের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য বাজেট বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : বিভাগীয় কমিশনার কার্যালয়, ঢাকার নং-৪৬.৪১.৩০০০.০১৭.০২.১০৮.১২-৫৩৫(২), তারিখঃ ০৮-১১-২০১৭খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে তেজগাঁও উন্নয়ন সার্কেলের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদি খাতে বরাদ্দ প্রদানের অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের গত ২৬ জুলাই ২০১৭ তারিখে প্রকাশিত গেজেট প্রজ্ঞাপনের এস, আর, ও নং-২৪৫ এবং ২৪৬ মূলে তেজগাঁও উন্নয়ন সার্কেলের ৮টি ইউনিয়ন ঢাকা উত্তর এবং ৮টি ইউনিয়ন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ সার্কেল অফিসে স্থানীয় সরকার বিভাগ হতে বর্তমানে এডিপির কোন অর্থ বরাদ্দ দেয়া হয় না। এমতাবস্থায়, বর্তমান প্রেক্ষাপটে তেজগাঁও উন্নয়ন সার্কেল বহাল রাখার প্রয়োজন আছে কিনা? বাজেট বরাদ্দ প্রদানের প্রয়োজন আছে কিনা? এ বিষয়ে যৌক্তিকতা ব্যাখ্যাসহ নিম্নোক্ত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

- ১) তেজগাঁও উন্নয়ন সার্কেল এখনো বিদ্যমান আছে কি না?
- ২) বর্তমানে তেজগাঁও উন্নয়ন সার্কেলের আওতায় কোন ইউনিয়ন বিদ্যমান আছে কিনা?
- ৩) তেজগাঁও উন্নয়ন সার্কেলের আওতায় অন্য কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান আছে কিনা?
- ৪) বর্তমানে তেজগাঁও উন্নয়ন সার্কেলে কোন কর্মকর্তা/কর্মচারী কর্মরত আছে কিনা, থাকলে কিভাবে আছে এবং কতজন আছে, তাদের কর্মপরিধি কি?
- ৫) তাদের নিয়োগকারী কর্তৃপক্ষ কে এবং তাদের বেতন-ভাতাদি কোথা থেকে প্রদান করা হয়ে থাকে?

  
(শিপ্রা দত্ত)

সহকারী সচিব

ফোন : ৯৫১৪৬১১

e-mail: mon1@lgd.gov.bd

পরিচালক, স্থানীয় সরকার  
ঢাকা বিভাগ।

অনুলিপিঃ

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- ২। জেলা প্রশাসক, ঢাকা জেলা।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধে)।